# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 21 April, 2025

চা বিরতির পর জোড়া শিকার করেন মিরাজ।৬৭তম ওভারে নিয়াশা মায়াভোকে (৩৫) লেগ বিফোরের ফাঁদে ফেলেন।তার বিদায়ে ভাঙে ৭২ বল স্থায়ী ২৫ রানের জুটি।এরপর ৬৯ তম ওভারে মাসাকাদজাকে (৬) ফেরান মিরাজ।নাহিদের মতো মিরাজেরও এখন ৩টি উইকেট। ৬৯ ওভার শেষে ৮ উইকেট হারিয়ে ২২৩ রানে ব্যাট করছে জিম্বাবুয়ে।ক্রিজে মুজারাবানির সঙ্গী এনগারাভা।জিম্বাবুয়ের লিড ৩২ রান।

এর আগে ২২ রানের লিড নিয়ে চা বিরতিতে যায় জিম্বাবুয়ে।দ্বিতীয় সেশনে খেলা হয়েছে ২৬ ওভার, ২ উইকেট হারিয়ে জিম্বাবুয়ে করেছে ৮০ রান।

বাংলাদেশ-জিম্বাবুয়ে

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:50

URL: https://timestodaybd.com/sports/1194775807